

নম্বর ২৩.০০.০০০০.১২০.১১.০০১.১৬-৩১৬

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫/২৯ মে, ২০১৮

প্রজ্ঞাপন


প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এ উপসহকারী প্রকৌশলী বি/আর এর শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) বেতনস্কেলে ও সরকারী বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল:

ক্রমিক নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	জ্যেষ্ঠতাক্রম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১.	মোঃ আব্দুল আলীম পিতা-মোঃ নূরুল ইসলাম মাতা-মোছা: তাকলিমা বেগম	৫৩৭৩৭৮	৪	৩১৪, পলি ম্যানসন, ইব্রাহিমপুর, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।	গ্রাম-পাঁচুরিয়া, ডাকঘর- কৈটোলা, থানা-বেড়া, জেলা-পাবনা।

শর্তাবলী:

- (ক) বিধি অনুসারে তঁর যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছর শিক্ষানবিশকাল থাকবে;
 - (খ) শিক্ষানবিশকাল থাকা অবস্থায় বিধি অনুযায়ী যদি কোন শর্ত পূরণ করতে ব্যর্থ হন বা চাকরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে সরকার কোন কারণ দর্শানো ছাড়াই তঁকে চাকরি থেকে অপসারণ করতে পারবে;
 - (গ) সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সম্পন্ন করা, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণের উপর তঁর চাকরি স্থায়ীকরণ নির্ভর করবে;
 - (ঘ) প্রযোজ্য সরকারি বিধি-বিধান অনুযায়ী মেধাক্রম অনুসারে তঁর চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
 - (ঙ) চাকরিতে যোগদানের জন্য তঁকে কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
 - (চ) চাকরিতে যোগদানের সময় তঁর শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সম্পর্কিত সনদপত্র সেনাসদর, ই-ইন-সি'র শাখায় জমা প্রদান করতে হবে এবং
 - (ছ) এ পত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে তঁর চাকরি সংক্রান্ত বিষয় সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ২। আগামী ১৪ জুন, ২০১৮ তারিখের মধ্যে নিয়োগকৃত প্রার্থীকে সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৩। প্রার্থীকে এসএমএস এর মাধ্যমে নিয়োগের বিষয়টি অবহিত করার জন্য সেনাসদর, ই-ইন-সি'র শাখা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।
- ৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোহাম্মদ ওয়ালিউল ইসলাম) ২৩/৫/২০১৮

সহকারী সচিব


ফোনঃ ৪৮১১১৫৬৯

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫/২৯ মে, ২০১৮

নম্বর ২৩.০০.০০০০.১২০.১১.০০১.১৬-৩১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৩। সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
 - ৪। সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
 - ৫। সি জি ডি এফ, সরকারী অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
 - ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- (প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হল)।
- ৭। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন, কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। মোঃ আব্দুল আলীম, পিতা-মোঃ নূরুল ইসলাম, মাতা-মোছা: তাকলিমা বেগম, গ্রাম-পাঁচুরিয়া, ডাকঘর-কৈটোলা, থানা-বেড়া, জেলা-পাবনা।


(মোহাম্মদ ওয়ালিউল ইসলাম) ২৩/৫/২০১৮
সহকারী সচিব